ভোরের কাগজ

JUN 18 2001

তারিখ ............
পৃষ্ঠা ...২... কলাম ...৭......

# নকল করার দায়ে এবার শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বহিষ্কৃত

বগুড়া প্রতিনিধি : এবার নকল করতে গিয়ে একটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানই বহিষ্কার হয়েছেন। বহিষ্কৃত আল ফারাবী মোঃ নূরুল ইসলাম বগুড়া সদরের বড়কুমিরাস্থ এসবি সায়েন্স এন্ড টেকনোলজি কলেজের পরিচালক।

তিনি গত ২৫ মে থেকে শুরু হওয়া গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ডিপ্লোমা পরীক্ষায় অংশ নিয়েছিলেন। পরীক্ষার সপ্তম দিনে গত শনিবার বগুড়া সরকারি আজিজুল হক কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে আল ফারাবী মোঃ নূরুল ইসলামসহ মোট চারজনকে বহিষ্কার করা হয়েছে।

উল্লেখ্য, নূরুল ইসলাম ঐ কলেজ ছাড়াও তার নিজের প্রতিষ্ঠিত বিএড মহিলা বিপিএড, লাইব্রেরি ও গ্রন্থাগার বিজ্ঞান কলেজসহ পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালক। এসব শিক্ষা প্রতিষ্ঠানের নামে প্রতারণা, অর্থ-আত্মসাৎসহ বিভিন্ন দুর্নীতি অভিযোগ তার বিরুদ্ধে রয়েছে। সম্প্রতি তার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী সংবাদ সম্মেলন করে এসব অভিযোগ এবং তার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে